কুষ্টিয়ায় বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহের আলোচনা সভা

কুষ্টিয়ার জেলা প্রশাসক মো: এহেতেশাম রেজা বলেছেন, সুষ্ঠু পরিকল্পনা ও সঠিক দিকনির্দেশনার মাধ্যমেই শিশুদের পরিপূর্ণ বিকাশ সম্ভব। তিনি বলেন, শিশুদের কল্যাণ, সুরক্ষা ও অধিকার নিশ্চিত করে তাদের জাঁতি গঠনের উপযোগী করে গড়ে তুলতে হবে। তাই শিশুশ্রম বন্ধে ১৪ বছরের কম শিশুদের সমস্যা চিহ্নিত করে সেগুলোর সমাধান করতে হবে বলেও জানান তিনি।

সোমবার সকালে (২ অক্টোবর) কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমী মিলনায়তনে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, আজকের শিশুরাই আগামীর ভবিষ্যত। আর তাই শিশুদের সুন্দর আগামী প্রতিষ্ঠার কারিগর হিসেবে গড়ে তুলতে এখন থেকেই কাজ করতে হবে।

অতিরিক্ত জেলা প্রশাসক শারমিন আক্তারের সভাপতিত্বে বক্তব্য রাখেন কুষ্টিয়ার পুলিশ সুপার এএইচএম আব্দুর রকিব, জেলা শিশু একাডেমী কুষ্টিয়ার কর্মকর্তা মখলেসুর রহমান ও সচেতন নাগরিক কমিটি (সনাক) র সভাপতি হাজী রফিকুল আলম টুকু প্রমুখ।
আলোচনা সভা শেষে আয়োজিত অনুষ্ঠানে শিশুরা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রকারীদের মাঝে পুরষ্কার বিতরণ করেন।

এরআগে “শিশুর জন্য বিনিয়োগ করি, ভবিষ্যতের বিশ্ব গড়ি” প্রতিপাদ্যকে সামনে রেখে বিশ্ব শিশু দিবস ও শিশু অধিকার সপ্তাহ ২০২৩ উদযাপন উপলক্ষে এক বর্ণাঢ্য শোভাযাত্র শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে।

প্রধানমন্ত্রীর জন্মদিনে মিরপুর উপজেলা ছাত্রলীগের বৃক্ষরোপণ

প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৭ তম জন্মদিন উপলক্ষে কুষ্টিয়ার মিরপুরে বৃক্ষরোপণ কর্মসূচি পালন করেছে মিরপুর উপজেলা ছাত্রলীগ।

গতকাল শুক্রবার (২৯ সেপ্টেম্বর) এ উপলক্ষে উপজেলার বিভিন্ন এলাকায় ফলজ ও বনজ বৃক্ষ রোপণ করেন তারা।

মিরপুর উপজেলা ছাত্রলীগের সভাপতি আসলাম আরেফীন এর নেতৃত্বে এ কর্মসূচি পালিত হয়।

বৃক্ষ রোপণ কর্মসূচির বিষয়ে উপজেলা ছাত্রলীগের সভাপতি আসলাম আরেফীন বলেন, প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার ৭৭তম জন্মদিন উপলক্ষে আমার নেতা মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক কামারুল আরেফীনের নির্দেশে আমরা উপজেলা ছাত্রলীগ বিভিন্ন এলাকায় বৃক্ষরোপণ করেছি। বৈশ্বিক উষ্ণতা নিয়ন্ত্রনে বৃক্ষ রোপনের কোন বিকল্প নাই তাই মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশ সবুজায়নের পক্ষে নিরলস কাজ করে যাচ্ছেন। বৃক্ষরোপণের মাধ্যমে প্রধানমন্ত্রী ঘোষিত ভিশন ২০৪১ তথা ক্ষুধা ও দারিদ্র্যতা মুক্ত উন্নত বাংলাদেশ গড়ার ক্ষেত্রে সবুজয়ানের বিষয়টি সাধারণ শিক্ষার্থীদের মাঝে তুলে ধরার চেষ্টা করেছি। এছাড়াও কুষ্টিয়ার উন্নয়নের রুপকার মাহবুব আলম হানিফ এমপি মহদয়ের সবুজায়ন কুষ্টিয়া গড়তে এটি আমাদের একটি ক্ষুদ্র প্রচেষ্টা।

প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য, দীর্ঘায়ু ও উত্তরোত্তর সফলতা কামনা করে ছাত্রলীগের সভাপতি আসলাম আরেফীন আরও বলেন, পরম করুণাময় আল্লাহতা’লা তার সহায় হোন। যাতে তিনি দেশ থেকে ক্ষুধা ও দারিদ্র্য মুক্ত, দুর্নীতি, সন্ত্রাস নির্মূল করতে পারেন এবং দেশবাসীকে সুশাসন, সামাজিক ন্যায়বিচার ও উন্নত জীবন গঠনে সহায়তা করতে পারেন।

কুষ্টিয়া সরকারী বালিকা বিদ্যালয়ে বিজ্ঞান মেলা অনুষ্ঠিত

শিক্ষার্থীদের স্মার্ট ফোনের আসক্তি থেকে দূরে রেখে বিজ্ঞান মনোস্ক হিসেবে গড়ে তুলতে কুষ্টিয়া সরকারী বালিকা উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে বিজ্ঞান মেলা ও কুইজ প্রতিযোগিতা।

আজ বিকেলে বালিকা উচ্চ বিদ্যালয় মিলনায়তনে এ বিজ্ঞান মেলা ও কুইজ প্রতিযোগিতা সমাপনি হয়।

মেলার সমাপনিতে সপ্তম শ্রেণীর ক শাখার সিমন্তী ইকবালের নেতৃত্বে সুপার সেভেন দল বিজ্ঞান মেলায় দ্বিতীয় স্থান অধিকার করে।

পরিবেশ সুরক্ষা পরিকল্পিত নগরায়ন ও চতুর্থ শিল্প বিপ্লব শীর্ষক বিজ্ঞান মেলায় তার দল উপস্থাপন করেছে পরিবেশ সুরক্ষায় নবায়নযোগ্য শক্তি নিয়ে।

সিমন্তী ইকবাল জানান, নবায়ন যোগ্য শক্তি ব্যবহারে পরিবেশের কোন ক্ষতি হয় না। আমাদের দেশের এমনকিছু পিছিয়ে পড়া এলাকা আছে সেখানে বিদ্যুৎ এখনো পৌঁছায়নি। যেখানে বিশুদ্ধ পানিরও ব্যাপক অভাব রয়েছে। সেই সব এলাকায় আমরা প্রাকৃতিক পরিবেশ নষ্ট না করে নবায়ন যোগ্য শক্তি উৎপাদন করে তাদেরকে সুন্দর সুস্থ্য একটা জীবন দিতে পারি। আমাদের প্রজেক্টের নবায়নযোগ্য শক্তির মধ্যে দেখানো হয়েছে সোলার পাওয়ার, উইন্ড মিল, পানি বিদ্যুৎ এবং ব্যায়োগ্যাস উৎপাদন দেখানো হয়েছে।

সিমন্তী ইকবালের নেতৃত্বে আরও শিক্ষার্থী ফাতেমা হাসান মুগ্ধ, মহিম ইসলাম তুষ্পা, আফিয়া মাইরা অন্তু, মিথিলা ফারজানা খুশবু, আয়েশা সিদ্দিকা, জান্নাতুল মাওয়া প্রমুখ।

পরে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোজাম্মেল হক এর সভাপতিত্বে ও সিনিয়র সহকারী শিক্ষক নাদিরা খানম এর পরিচালনায় প্রধান অতিথির

বক্তব্যে জেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মো: আল মামুন তালুকদার বলেন, ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশ এবং ৪র্থ শিল্প বিপ্লবকে সামনে রেখে ভবিষ্যৎ প্রজন্মদের গড়ে তুলতে এই ধরণের বিজ্ঞান মেলা সময়োযোগী এবং গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। আর এই ধরণের উদ্যোগ ভবিষ্যতেও নেওয়ার আহবানও জানান তিনি।

সভাপতির বক্তব্যে বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ মোজাম্মেল হক বলেন, এসব উদ্ভাবনের সাথে পরিচিতি করা এবং এলাকার কোমলমতি শিক্ষার্থীদের বিজ্ঞান মনোস্ক করার লক্ষেই এমন বিজ্ঞান মেলার আয়োজন করা হয়েছে।

কুষ্টিয়ায় শুভসংঘের বৃক্ষরোপণ ও গাছের চারা বিতরণ

কুষ্টিয়া সদর উপজেলা সহকারী কমিশনার (ভুমি) দবির উদ্দিন বলেছেন, আপনার সন্তানের হাত দিয়ে গাছ লাগান। কেননা আপনি যেভাবে আপনার সন্তানকে লালন পালন করে বেড়ে তুলছেন, তেমনি আপনার সন্তানও তার হাত দিয়ে লাগানো গাছটি যত্ম করে বেড়ে তুলবে। মানব সভ্যতা অটুট রাখতে আমাদের বেশি বেশি গাছ রোপণ ও এর পরিচর্যা করতে হবে।

আজ মঙ্গলবার বিকেলে শহরের ছয় রাস্তা মোড় এলাকার বসুন্ধরা শুভসংঘ কুষ্টিয়া জেলা শাখা কার্যালয়ে বসুন্ধরা শুভসংঘ আয়োজিত বৃক্ষরোপণ ও গাছের চারা বিতরণকালে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

তিনি বলেন, ‘বসুন্ধরা শুভসংঘ একটি সামাজিক সংগঠন। এটি সমাজের উন্নয়ন মূলক কার্যক্রম পরিচালনা করে থাকে, তাদের এসব উন্নয়ন মূলক কার্যক্রম সত্যি প্রশংসনীয়।’ ‘শুভসংঘের বন্ধুরা যে বৃক্ষরোপণ কর্মসূচি হাতে নিয়েছে এটি চমৎকার একটি উদ্যোগ। আমি এই উদ্যোগকে স্বাগত জানাচ্ছি। এসব উন্নয়নমুলক কর্মকান্ডের ধারা অব্যহত রাখুক এই প্রত্যাশা কামনা করি।

তিনি আরও বলেন, প্রতিটি গাছ আমাদের প্রয়োজনে লাগে, গাছ আমাদের

অক্সিজেন, গাছ আমাদের ছায়া দিয়ে থাকে। দেয়,কাঠ দেয়, জালানি হিসেবে খড়ি দেয়,গাছ আমাদের উপকারি বন্ধু। আবহাওয়া নিয়ন্ত্রণেও বৃক্ষের ভূমিকা অপরিসীম তাই বেশি বেশি করে বৃক্ষরোপনের আহবান জানান তিনি।

শুভসংঘের নির্বাহী সভাপতি এস এম জামালের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন শুভ সংঘ জেলা কমিটির সাধারণ সম্পাদক কাকলি খাতুন, সাংগঠনিক সম্পাদক বিপুল হোসেন, নির্বাহী সদস্য দেওয়ান মাসুুদুর রহমান স্বপন প্রমুখ।

বসুন্ধরা শুভসংঘ কুষ্টিয়া জেলা শাখার নির্বাহী সভাপতি এস এম জামাল বলেন, শুভ কাজে সবার পাশে এই প্রতিপাদ্য নিয়ে দেশের শীর্ষস্থানীয় শিল্প গ্রুপ বসুন্ধরার মানবিক সহায়তা সংগঠন শুভসংঘ। দেশের দরিদ্র ও অসহায় মানুষের পাশে দাঁড়ানো এই সংগঠনের মূল উদ্দেশ্য। তিনি বলেন, আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে সুস্থ রাখতে বৃক্ষরোপণের বিকল্প নেই। বর্তমান সময়ে আমাদের অস্তিত্ব টিকিয়ে রাখতে বৃক্ষরোপণ অপরিহার্য। বৃক্ষরোপণের উপকারিতা ও বৃক্ষরোপণে মানুষকে উৎসাহিত করতেই বসুন্ধরা শুভসংঘ কুষ্টিয়া জেলা শাখার এই মহতি কর্মসূচী। এটি অব্যহত রাখতে আমরা সকল উপজেলায় এই কর্মসুচী পালন করবো।

ব্যক্তিগত সামাজিক দায়বদ্ধতা মূলক কাজের অংশ হিসেবে এমন উদ্যোগ গ্রহণ করে দীর্ঘ দিন যাবত চলছে তার এই ব্যতিক্রমী কার্যক্রম বলেও জানান তিনি। শতাধীক শিক্ষার্থী ও অভিভাবক ছাড়াও পথচারী ও রিকশা ও ইজিবাইক চালকের মাঝে দুই শতাধীক ফলজ,বনজ ও ওষুধী গাছের চারা বিতরণ করা হয়।

এসময় বসুন্ধরা শুভসংঘ বন্ধু নাফিস, সুমাইয়া খাতুন, আব্দুল মজিদ জিয়া, যুথিকা রানী দাস, রিফাহ তাসনিয়া রিযা, আশিক, জুনায়েদ প্রমুখ উপস্থিত ছিলেন।

টাকা পাচার বন্ধ করে শিল্প প্রতিষ্ঠান গড়ে তুলুন, যুব ইউনিয়ন সভাপতি মাসুম

‘কর্মসংস্থান ও ভোটাধিকারের সংগ্রামে জেগে ওঠো তারুণ্য ‘ শ্লোগানকে সামনে রেখে বাংলাদেশ যুব ইউনিয়ন কুষ্টিয়া জোনের উদ্যোগে গতকাল শুক্রবার ঝিনাইদহ কেন্দ্রীয় শহীদ মিনারে যুব সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

বাংলাদেশ যুব ইউনিয়ন ঝিনাইদহ জেলা কমিটির সভাপতি যুবনেতা আবু তোয়াব অপু’র সভাপতিত্বে ও বায়েজিদ চাষার সঞ্চালনায় অনুষ্ঠিত যুব সমাবেশে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ যুব ইউনিয়ন কেন্দ্রীয় কমিটির সভাপতি খান আসাদুজ্জামান মাসুম, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন প্রেসিডিয়াম সদস্য চৌধুরী হোসেন, খুলনা বিভাগীয় প্রেসিডিয়াম সদস্য নিত্যানন্দ ঢালী, কেন্দ্রীয় কমিটির স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ডা. মুজাহিদুল ইসলাম রিপন, বাংলাদেশ ক্ষেতমজুর সমিতির কেন্দ্রীয় কমিটির সদস্য বীরেন্দ্রনাথ বিশ্বাস, বাংলাদেশ ক্ষেতমজুর সমিতির ঝিনাইদহ জেলার আহবায়ক স্বপন বাগচী।

এছাড়াও বক্তব্য রাখেন বাংলাদেশ যুব ইউনিয়ন কুষ্টিয়া জেলা সভাপতি গোলাম রাব্বানী, চুয়াডাঙ্গা জেলার আহবায়ক জিয়াউর রহমান, মেহেরপুর জেলার আহবায়ক এ্যাড. মিজানুর রহমান, কুষ্টিয়া জেলার সাধারণ সম্পাদক সোহেল খোন্দকার, চুয়াডাঙ্গা জেলার যুগ্ম আহবায়ক আনোয়ারুল ইসলাম, ঝিনাইদহ জেলা কমিটির সদস্য ও জাতীয় পরিষদ সদস্য সুজন বিপ্লব, ঝিনাইদহ জেলা কমিটির সাংগঠনিক সম্পাদক আরিফুল ইসলাম প্রমুখ।

সমাবেশে বক্তারা বাংলাদেশ যুব ইউনিয়নের ৯ দফা দাবী উপস্থাপন করেন এবং বেকারদের কর্মসংস্থানের দাবী জানান।

প্রধান অতিথি তার বক্তব্য যুবনেতা মাসুম বলেন, প্রতিবছর বাংলাদেশ থেকে যে বিপুল পরিমান টাকা পাচার হচ্ছে এই টাকায় শিল্প প্রতিষ্ঠান গড়ে তুললে এই দেশের কোটি বেকারের কর্মসংস্থানের সুযোগ হতো। তিনি সরকারি চাকুরির শুন্য পদে দ্রুত নিয়োগের দাবী জানিয়ে বলেন করোনার কারনে দেশে কোটি যুবক কর্মহীন হয়ে পড়েছে। তাদের বেশির ভাগ নতুন করে আর শ্রমবাজারে যেতে পারেনি, সরকার

তাদের জন্য কোনো উদ্যোগ নেয় নি। অথচ রাষ্ট্রের টাকায় ধনিক শিল্পপতিদের প্রণোদনার নামে হাজার হাজার কোটি টাকা দিয়েছে এতে যুব সমাজের কোনো কাজে লাগে নাই । করোনাকালীন কর্মহীন হয়ে পড়া ও আত্মকর্মসংস্থানে নিয়োজিত ক্ষতিগ্রস্ত যুবদের অগ্রাধিকার ভিত্তিতে প্রণোদনার ব্যবস্থা করতে হবে।

করোনাকালীন প্রবাস ফেরত যুবদের প্রবাসে কর্মে ফিরে যাওয়া নিশ্চিত করতে হবে।কর্মহীন যুবদের জন্য বেকার ভাতা চালু করতে হবে। কর্ম প্রত্যাশীদের জন্য অনলাইন নিবন্ধন কেন্দ্র চালু করে নিবন্ধিত যুবদের এক বছরের মধ্যেই কর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে। ঘুষ ছাড়া চাকরি চাই, নিয়োগ ও বদলিতে বানিজ্য বন্ধ করতে হবে।

কুষ্টিয়ার আমলাতে ১৯৯৩ এসএসসি ব্যাচের মিলন মেলা অনুষ্ঠিত

শুক্রবার ২২ সেপ্টেম্বর কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার আমলাতে এসএসসি -১৯৯৩ ব্যাচের আয়োজনে অনুভূতির -৯৩ বন্ধু মিলন মেলা ২০২৩ নামে ব্যচটির ৩য় মিলন মেলা অনুষ্ঠিত হয়।

মিলন মেলা অনুষ্ঠানে সারাদেশ থেকে এসএসসি ১৯৯৩ ব্যাচের প্রায় এক হাজার বন্ধু উপস্থিত থেকে স্মৃতিচারণ, বনভোজন ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ গ্রহন করেন।

সাংস্কৃতিক অনুষ্ঠান পর্বে গান করেন ৯৩ এসএসসি ব্যাচের বন্ধু শাহিন,শুমিত,হাবিব সহ স্থানীয় শিল্পীরা। সবশেষে র্যাফেল ড্র এর মাধ্যমে দিনব্যাপী অনুষ্ঠিত মিলনমেলার সমাপ্তি ঘোষণা করা হয়।

কুষ্টিয়ায় ‘জাতীয় স্থানীয় সরকার দিবস’ উপলক্ষে উন্নয়ন মেলা

‘সেবা ও উন্নতির দক্ষ রূপকার উন্নয়নে উদ্ভাবনে স্থানীয় সরকার’ এই প্রতিপাদ্যকে সামনে রেখে কুষ্টিয়ার মিরপুরে ‘জাতীয় স্থানীয় সরকার দিবস’ উদযাপন করা হয়েছে।

প্রথমবারের মতো ‘জাতীয় স্থানীয় সরকার দিবস’ উপলক্ষে বর্ণাঢ্য র্যালি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণসহ উন্নয়ন মেলার আয়োজন করা হয়।

গতকাল রোববার সকালে উপজেলা পরিষদের কাঁঠাল চত্বরে ফিতা কেটে এ মেলার উদ্বোধন করেন মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন।

পরে উপজেলা অডিটোরিয়ামে মিরপুর উপজেলা প্রশাসনের আয়োজনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।
মিরপুর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) জহুরুল ইসলামের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মিরপুর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আবুল কাশেম জোয়ার্দ্দার, মহিলা ভাইস চেয়ারম্যান মর্জিনা খাতুন, উপজেলা সমাজসেবা কর্মকর্তা জামসেদ আলী, কৃষি কর্মকর্তা আব্দুল্লাহ আল মামুন প্রমূখ।

আলোচনা সভায় জানানো হয়, সবার সম্মিলিত প্রচেষ্টায় জাতির পিতার স্বপ্নের ক্ষুধা-দারিদ্র্যমুক্ত ও উন্নত-সমৃদ্ধ সোনার বাংলাদেশ বিনির্মাণ করতে বর্তমান সরকার সক্ষম হবে। একইসাথে এ দিবসের মাধ্যমে মাটি ও মানুষের আরো কাছাকাছি যাওয়া এবং জনগণকে সেবা প্রদানের নতুন দ্বার উন্মোচিত হবে বলেও আশা প্রকাশ করেন তারা।

মেলায় প্রতিটি ইউনিয়ন পরিষদ, স্থানীয় সরকার বিভাগের আওতাধীন সব দপ্তর ও সংস্থা সরকারের বাস্তবায়িত উন্নয়ন কর্মকাণ্ড এবং ভবিষ্যৎ কর্মপরিকল্পনা তুলে ধরে।

মেলায় নিজ নিজ প্রতিষ্ঠান জনগণকে প্রদেয় সেবাগুলো তাৎক্ষণিকভাবে দেওয়ারও ব্যবস্থা ছিলো।

বিএনপি নির্লজ্জ ও একটা মিথ্যাচারের দল: হানিফ

বিএনপি নির্লজ্জ ও একটা মিথ্যাচারের দল বলে জানিয়েছেন আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহবুবউল আলম হানিফ এমপি।

তিনি বলেন, বিএনপি নির্লজ্জ ও একটা মিথ্যাচারের দল, মির্জা ফখরুলরা মিথ্যাচার করে জনগণকে বিভ্রান্ত করতে চাই। বিএনপির জন্মটায় অবৈধ পন্থায় মিথ্যার উপরেই হয়েছে। ক্যান্টলমেন্টে বসে সামরিক উর্দি পড়ে একটা রাজনৈতিক দল গঠন করার নমুনা পৃথিবীতে আর দ্বিতীয়টা আছে বলে মনে হয়না। যেটা বিএনপির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমান করেছিলো।

তিনি আরও বলেন, বিএনপির মহাসচিব মির্জা ফখরুল সাহেবরা গত দুই বছর ধরে সরকার পতনের একদফা আন্দোলন করে যাচ্ছে। তারা প্রতি মাসেই বলে আর একমাস পরেই সরকারের পতন হয়ে যাবে। সরকার বহাল তবিয়তে আছে বহাল তবিয়তেই থাকবে এই সমস্ত মেঠো বক্তব্যর আর কোনো প্রয়োজন নেই।

রবিবার (১৭ সেপ্টেম্বর) বেলা ১১টায় কুষ্টিয়ার পিটিআই রোডের নিজ বাসভবনে দলীয় নেতাকর্মীদের সাথে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন।

বিএনপির সরকার পতনের আন্দোলনের খেলা বন্ধ করে নির্বাচন কিভাবে করা যায় সেদিকে মনোনেবস করার আহবান জানিয়ে হানিফ আরো বলেন, আগামী জাতীয় সংসদ নির্বাচন সংবিধান অনুযায়ী যথা সময়ে হবে এবং নিয়ম অনুযায়ীই হবে। বিএনপি যদি সেই নির্বাচনে অংশ না নেই তাহলে আবারো তাদের রাজনৈতিক ভুল সিদ্ধান্তে পরিণত হবে। সুদরাতে যেয়ে তার দলকে একটা গভীর সংকটের মধ্যে ফেলে দেবে। আগামী সংসদ নির্বাচনে বিএনপি অংশ না নিয়ে তারা চরম রাজনৈতিক সংকটে উপনিত

হবে।

হানিফ আরো বলেন, নির্বাচন অবাধ সুষ্ঠ ও নিরপেক্ষ হবে যদি আমাদের বিদেশি বন্ধুরা নির্বাচন অবাধ সুষ্ঠ নিরপেক্ষ হচ্ছে কিনা সেটা দেখতে চান তাহলে তারা ইচ্ছে মতো পর্যবেক্ষক পাঠাতে পারেন আমাদের সরকারের পক্ষ থেকে স্বাগত জানাবে। বিএনপি নির্বাচনে জয়লাভ করলে নির্বাচন সুষ্ট আর হেরে গেলে অসুষ্ঠ এর কোনো যৌক্তিকতা নেই। আওয়ামী লীগের নেতৃত্বে নির্বাচন অবাধ ও সুষ্ঠ হবে।

এসময় সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান আতা, জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মাজহারুল আলম সুমন, আমজাদ হোসেন রাজু, তথ্য ও গবেষনা সম্পাদক রাশেদুল ইসলাম বিপ্লবসহ স্থানীয় আওয়ামী লীগের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় আর্টিকেল নাইনটিনের সাইবার ও ফ্যাক্টচেক বিষয়ক সেমিনার অনুষ্ঠিত

কুষ্টিয়ায় আর্টিকেল নাইনটিনের সাইবার ও ফ্যাক্টচেক বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকালে আফসার উদ্দিন গার্লস ফাজিল (ডিগ্রি) মাদ্রাসায় এ সেমিনার অনুষ্ঠিত হয়।

এতে শিক্ষার্থী, সংবাদকর্মী ছাড়াও বিভিন্ন সংস্থার প্রতিনিধিরা অংশগ্রহণ করে।

অনুষ্ঠানের উদ্বোধন করেন আফসার উদ্দিন গার্লস ফাজিল (ডিগ্রি) মাদ্রাসার অধ্যক্ষ ড. হাফেজ মোহা: আব্দুল করিম
প্রশিক্ষণে বিভিন্ন বিষয়ে উপস্থাপন করেন আর্টিকেল নাইনটিনের (সাউথ এশিয়া) প্রোগ্রাম অফিসার মেহনাজ পারভীন, ফ্যাক্টচেকার, ফ্যাক্টওয়াচ শুভাশীষ দীপ ও সেন্টার ফর ল এন্ড পলিসি এ্যাফেয়ার্স’র আইসিটি পলিসি এনালিষ্ট তৌফিক আহমেদ শাহীন।

প্রশিক্ষণে ফ্যাক্টচেক বিষয়ক ধারণা, ফ্যাক্টচেকিং টুলস, ভুয়া

তথ্য যাচাই, সামাজিক মাধ্যমে ভুয়া তথ্য কিভাবে ছড়ায় ও ফ্যাক্ট ফাইন্ডিং সম্পর্কে শিক্ষার্থী ও সাংবাদিকদের প্রশিক্ষণ এবং ফ্যাক্টচেক প্রতিবেদন লেখার কৌশল, ভুয়া ছবি ও ভিডিও চিত্রের ফ্যাক্টচেক করার পদ্ধতি, ফ্যাক্টচেকিং সাইট পর্যবেক্ষণ এবং সত্যতা যাচাই সম্পর্কে অংশগ্রহণকারীদের প্রশিক্ষণ দেওয়া হয়।

এসময় চ্যানেল আইয়ের কুষ্টিয়া জেলা প্রতিনিধি আনিসুজ্জামান ডাবলু, কালের কণ্ঠের নিজস্ব প্রতিবেদক তারিকুল হক তারিক,ইত্তেফাকের জেলা প্রতিনিথিধ মোস্তাফিজুর রহমান মঞ্জু, ভোরের পাতার জেলা প্রতিনিধি কাঞ্চন হালদার, প্রতিদিনের বাংলাদেশের জেলা প্রতিনিধি দেবাশীষ দত্ত ও বার্তা টোয়েন্টিফোরের ষ্টাফ করেসপন্ডেন্ট এনএম জামাল উপস্থিত ছিলেন।

চারু শিল্পি তারিনের আত্মহত্যা না কী হত্যা ?

মেহেরপুরের গাংনী উপজেলার বেতবাড়িয়া গ্রামের সেই চারু তারিণের ঝুলন্ত মরদেহ উদ্ধার করা হয়েছে। আজ বুধবার দুপুরে তার কুষ্টিয়ার ভাড়াবাসা থেকে ঝুলন্ত মরদেহ উদ্ধার করে পুলিশ।

তারিন গাংনী উপজেলার বেতবাড়িয়া গ্রামের মশিউর রহমান ওরফে হাসান আলীর মেয়ে। তার স্বামী নবীন এর বাড়ি কুমিল্লাতে। ব্যবসায়ীক সূত্রে কুষ্টিয়া শহরে বসবাস করেন। তারিণের দুই বছর আগে বিয়ে হয়। বর্তমানে তার একটি শিশু রয়েছে।

তবে, তার ফেসবুকের দুটি স্ট্যাটাস মানষের মনে সন্দেহের উদ্র্যেক দেখা দিয়েছে। এটি হত্যা নাকি আত্মহত্যা এ নিয়ে শুরু হয়েছে জল্পনা কল্পনা।

তবে, তারিনের ছোট চাচা মাসুদ জানিয়েছেন, এটি আত্মহত্যা নয়। স্বামী নবীন ও তার প্রথম স্ত্রী তাকে হত্যা করে আড়ার সাথে ঝুলিয়ে রেখে আত্মহত্যা বলে চালানোর চেষ্টা করছে।এছাড়া তার স্বামী ও প্রথম স্ত্রী মিলেই তারিনের মোবাইল ফোন থেকে ফেসবুকে

নানা ধরনের স্ট্যাটাস দিয়েছে। এটা একটা সাজানো নাটক। সুষ্ঠ তদন্ত করে বিচারের মুখোমুখি দাঁড় করানো হবে তার স্বামীকে।

এঘটনায় কুষ্টিয়াতে মামলা করার প্রস্তুতি নিচ্ছেন তারিনের পরিবার।

উল্লেখ্য, তারিনের ফেসবুকে স্ট্যাটাস ছিল ভালোবাসি তোমাকে দাদি, আমি ছুটি পেয়েছি এবার তোমার কাছে আসছি।

উল্লেখ্য, তারিন বঙ্গবন্ধু ও জাতীয় কবি কাজী নজরুল ইসলামের ছবি একে টেলিভিশন, প্রিন্ট ও অনলাইন মিডিয়াতে সাড়া ফেলেছেন। তাকে বিভিন্ন সংস্থা থেকেও বিভিন্ন ভাবে এ্যাওয়ার্ড দেওয়া হয়েছে। এছাড়া তার সম্পাদনায় কবিতার বই প্রকাশিত হয়েছে। এলাকায় তাকে চারু তারিন নামেই চেনে।

এদিকে, তারিনকে নির্যাতনকারী স্বামী নবিনের দৃষ্টান্তমূলক শাস্তি দাবি করেছেন ও তাঁর মৃত্যুতে শোক প্রকাশ করেছেন মেহেরপুর প্রতিদিনের প্রকাশক এম এ এস ইমন, সম্পাদক ইয়াদুল মোমিন, সঙ্গীত শিল্পি শাফিনাজ আরা ইরানি, শামিম জাহাঙ্গীর সেন্টু, জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সম্পাদক মাহাবুব চান্দু, মুক্তিযোদ্ধার সন্তান মাহবুবুল হক মন্টু, সাহিত্যিক ও প্রবন্ধকার সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন ধুমকেতু. জেলা শিল্পকলা একাডেমির সাবেক সাধারণ সম্পাদক আনোয়ারুল হক কালু, অরণি থিয়েটারের সভাপতি নিশান সাবের, সম্পাদক আতিক স্বপন, সাহিত্য পরিষদের সভাপতি নুরুল আহমেদ, প্রবীণ চারুশিল্পী গোলাম মোস্তফা, চারুশিল্পী বাকা বিল্লাহ, সাংস্কৃতিক কর্মী অনল,সুমন, চমক,বাবু, অঞ্চল প্রমূখ।